NYC Consumer Affairs | Department of Education

Bengali

উপভোক্তা সুরক্ষা

সদ্য প্রাপ্তবয়স্ক হয়ে ওঠা মানুষদের জন্য ছোটখাট পরামর্শ

# কোনো স্কুল বা প্রশিক্ষণের প্রোগ্রামে নাম লেখানোর আগে আপনার জন্য দ্রুত কিছু ছোটখাট পরামর্শ

- **বিনামূল্যে এবং কম খরচে প্রাপ্তবয়স্কদের জন্য শিক্ষা এবং প্রশিক্ষণ বিকল্প উপলব্ধ। nyc.gov** এ যান বা **311** এ **কল করুন** এবং বিনামূল্যে ও কম খরচে প্রাপ্তবয়স্কদের জন্য শিক্ষা এবং চাকরির প্রশিক্ষণের বিকল্পের বিষয়ে জিজ্ঞাসা করুন।

- **সযত্নে তথ্য অনুসন্ধান।** আপনার জন্য কোন স্কুলটি উপযুক্ত হবে সেই সিদ্ধান্ত নেওয়ার আগে একাধিক স্কুল সম্পর্কে তথ্য অনুসন্ধান করুন। কত শতাংশ ছাত্র তাদের স্নাতক ডিগ্রি সম্পূর্ণ করতে পারেন, ছাত্রদের ঋণের পরিমাণ এবং আপনার পাওয়া ক্রেডিট আপনি অন্য স্কুলে স্থানান্তর করতে পারবেন কিনা সেই বিষয়ে তথ্য জেনে নিন। প্রোগ্রাম সম্পন্ন করা পূর্বতন ছাত্রদের সঙ্গে কথা বলুন। স্নাতক ডিগ্রি নেওয়া ছাত্রদের নিয়োগ করে এমন নিয়োগকর্তাদের একটি তালিকা চেয়ে নিন এবং স্কুলের বিষয়ে তাদের মতামত জানতে তাদের কল করুন। মনে রাখবেন: কোনো স্কুল বা প্রশিক্ষণ প্রোগ্রামের বিষয়ে খুব ভালো ধারনা জন্মালে, হয়তো আদতে সেটাই সত্যি।

- **লাইসেন্স না থাকা স্কুলগুলিকে এড়িয়ে চলুন।** কিছু স্কুল বেআইনি ভাবে চলে। আপনি লাইসেন্স না থাকা কোনো স্কুলে ভর্তি হলে, নার্সিংয়ের মতো বিভিন্ন শাখায় লাইসেন্স পেতে পরীক্ষায় বসতে পারবেন না। কোনো ভোক্যেশনাল বা ট্রেড স্কুলের লাইসেন্স আছে কিনা তা জানতে (212) 643-4760 বা (518) 474-3969 এ নিউ ইয়র্ক স্টেট শিক্ষা দপ্তরে (New York State Education Department) কল করুন।

- **কোনো স্কুলে যেদিন যাবেন সেই দিনেই নাম লেখাবেন না।** আপনি নাম লেখানোর আগে, আপনাকে বুঝতে হবে যে প্রোগ্রামের জন্য কত খরচ হবে এবং আপনি কীভাবে তা মেটাবেন। এই ধরনের এক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত সঙ্গে সঙ্গে নিয়ে নেবেন না!

- **আপনি বুঝতে পারছেন না এমন কিছুতে কখনও সই করবেন না।** কোনো স্কুল আপনাকে ওখানেই কোনো চুক্তিতে সই করতে বললে তা কখনও করবেন না। গুরুত্বপূর্ণ ফর্মগুলি আপনার বাড়িতে নিয়ে আসার অধিকার রয়েছে যাতে আপনি তাদের ভালো করে পড়ে নিতে পারেন এবং আপনার বিশ্বস্ত মানুষদের দিয়ে খতিয়ে দেখিয়ে নিতে পারেন।

- **স্কুলের টিউশন বাতিল করার নীতি লিখিত ভাবে দিতে বলুন।** আপনি বাতিল করতে বা নাম উঠিয়ে নিতে চাইলে আপনি কীভাবে দেওয়া অর্থ ফেরত পেতে পারবেন সেই কথা এই নীতিতে ব্যাখ্যা করা থাকবে। তবে, আপনি একবার নিজের নাম নথিভুক্ত করলে, দেওয়া অর্থ ফিরে পাওয়া হয়তো সহজ হবে না।

- **প্রচুর ঋণ নেওয়ার দিক থেকে সতর্ক থাকুন।** কিছু কিছু স্কুল প্রচুর অর্থ চায়। প্রায় ক্ষেত্রেই, উপলব্ধ "আর্থিক সহায়তা" বিনামূল্যে পাওয়া যায় না, উল্টে তা হল ঋণ যা আপনাকে সুদ সমেত ফেরত দিতে হবে। স্কুল ঋণ দীর্ঘমেয়াদী হয় এবং আপনি একটি নির্দিষ্ট পরিমাণের বেশি ঋণ হিসাবে পেতে পারবেন না। আপনি ঋণ নিয়ে তা সময়ে মেটাতে না পারলে আপনার ক্রেডিট স্কোর কমে যেতে পারে। নিশ্চিত হয়ে নিন যে, আপনি শর্তাদি বুঝতে পেরেছেন এবং অর্থ মিটিয়ে দিতে পারবেন।

**গুরুত্বপূর্ণ**

আপনাকে স্কুলের পড়াশোনার জন্য ঋণ করতে হলে, ব্যক্তিগত ঋণদাতাদের কাছ থেকে ঋণ নেওয়ার কথা ভাবার আগে সবসময়ে ফেডারাল সহায়তা প্রোগ্রামগুলির কথা বিবেচনা করুন। ফেডারাল ছাত্র সহায়তার বিনামূল্যের দরখাস্ত (Free Application for Federal Student Aid (FAFSA)) সম্পূর্ণ করুন।

- **আপনি স্নাতক হওয়ার পরে "চাকরির নিশ্চয়তা" দেয় এমন স্কুলগুলিকে এড়িয়ে চলুন।** আপনি স্নাতক হওয়ার পরে যে চাকরি পাবেন তার নিশ্চয়তা কোনো স্কুল দিতে পারে না। অনেক ক্ষেত্রে দেখা গেছে যে, এই ধরনের প্রতিশ্রুতি যে সমস্ত স্কুল করে তারা আদতে আপনাকে কোনো চাকরির ব্যবস্থা করে দেয় না।
- **আপনার অভিযোগ জানানোর অধিকার রয়েছে।** উচ্চ শিক্ষার কোনো স্কুলের বিরুদ্ধে অভিযোগ জানাতে 311 এ কল করুন।

## সতর্ক থাকবেন...

**ছাত্র ঋণ "বকেয়া মেটানো থেকে পরিত্রাণ পাওয়ার" বিষয়ে জালিয়াতি**
জালিয়াতেরা ছাত্রদের ফেডারাল প্রোগ্রামের মাধ্যমে ঋণ মুকুব করে দেওয়ার মিথ্যা প্রতিশ্রুতি দিয়ে ফায়দা নেয়, যেখানে এই ধরনের ফেডারাল প্রোগ্রামের কোনো অস্তিত্বই নেই এবং বিনামূল্যে উপলব্ধ পরিষেবাগুলি দেওয়ার নাম করে ছাত্রদের কাছ থেকে বেশি বেশি করে ফী আদায় করে।

# বিনামূল্যে সহায়তা

**NYC আর্থিক সহায়তা কেন্দ্রে (NYC Financial Empowerment Center) বিনামূল্যে বিশেষজ্ঞের কাছ থেকে আর্থিক বিষয়ক পরামর্শ নিন।**
পরামর্শদাতা আপনাকে বাজেট তৈরি করতে, আপনার ঋণের পরিমাণ কমাতে, আপনার ঋণদাতার সঙ্গে দরদাম করতে, আপনার ক্রেডিট রিপোর্ট বুঝতে, আপনার ক্রেডিট স্কোর বাড়াতে এবং আরো অনেক বিষয়ে সহায়তা করবেন। আপনি যেখানে থাকেন তার কাছাকাছি কোথাও সাক্ষাৎকারের ব্যবস্থা করতে 311 এ কল করুন বা আরো জানতে nyc.gov/consumers দেখুন।

**আপনার ক্রেডিট রিপোর্টের একটি অনুলিপি বিনামূল্যে নিন এবং তা সযত্নে পর্যালোচনা করুন।**
annualcreditreport.com এ যান বা নিঃশুল্কে 1-877-322-8228 এ কল করুন।

# অন্যান্য রিসোর্সগুলি

**উপভোক্তার আর্থিক সুরক্ষা সংস্থার (Consumer Financial Protection Bureau (CFPB))** এমন সমস্ত সরঞ্জাম এবং রিসোর্স আছে যার সাহায্য নিয়ে আপনি কলেজের খরচ মেটানোর বিষয়ে নিজে বুঝেশুনে আর্থিক সিদ্ধান্ত নিতে পারবেন। consumerfinance.gov দেখুন।

**ফেডারাল ছাত্র সহায়তা,** যা হল ইউ.এস শিক্ষা দপ্তরের একটি শাখা এবং দেশের ছাত্রদের আর্থিক সহায়তা দেওয়ার দিক থেকে সবথেকে বড় মাপের। FAFSA বিষয়ে জানতে studentaid.ed.gov/sa দেখুন।

DCA এর "ছাত্রদের ঋণের বিষয়ে দ্রুত ছোটখাট পরামর্শ (QUICK TIPS ABOUT STUDENT LOANS)" পড়ুন।

**সদ্য প্রাপ্তবয়স্ক হওয়া মানুষদের জন্য উপভোক্তা সুরক্ষার বিষয়ে ছোটখাট পরামর্শের বিষয়ে**
সদ্য প্রাপ্তবয়স্ক হওয়া মানুষজন প্রতিদিনই উপভোক্তা বিষয়ক চ্যালেঞ্জের সম্মুখীন হন। উপভোক্তা বিষয়ক দপ্তর (DCA) বেশ কিছু তথ্যপত্র বানিয়েছে যা থেকে সদ্য প্রাপ্তবয়স্ক হওয়া মানুষেরা তাদের অধিকারের বিষয়ে শিক্ষিত হতে পারবেন এবং আজকে খরচ করার বিষয়ে যে সিদ্ধান্ত নিচ্ছেন তা কীভাবে তাদের আগামীদিনকে প্রভাবিত করবে সেই বিষয়ে শিক্ষিত হতে পারবেন।

NYC
Bill de Blasio
Mayor

Consumer Affairs
Lorelei Salas
Commissioner

Department of Education
Carmen Fariña
Chancellor

07/2016